S.R. Alipore – I-13-97-106-61 of 1972

3R$50P

INDIA

तीन रुपये पचास पैसे

सत्यमेव जयते

THREE RUPEES भारत FIFTY PAISE

Comp. 10-0.
6451

No. 61.

Stamp Rs 150'00
Stamp Rs 150'00
Stamp Rs 10·00
Stamp Rs 2·00
312'00

Fee paid :- 6.30
Article G (a)......
Article G (b)......
Plan fee......
No. of carriage
paper......

25.1.72

Admissible under Regn. Rule 21 and also u/s 5 of the W.B.L.R Act 1955 duly stamped under the Indian Stamp Act 1899 as amended in 1964.
Schedule 1 Art. x

P.fee Rs 1/- in C.F.S realised on 6.1.72
S.R. 6.1.72

A 139·50 Reg(K)
N 2·50 24'87
K(i)(a) 5·00 P.Tk 117
147·00 152·98

Sd. B.P. Roychowdhury
Jt. Sub-Registrar of Alipore
at Alipore. 5.1.72

## ॥ পারিবারিক নিরূপণ পত্র ও অছিনামা ॥

(Deed of family Settlement and Trust)

| গ্রহীতা – (Trustee) | দাতা – (Settlor) |
| --- | --- |
| শ্রী ক্ষিতীশ চন্দ্র মণ্ডল | শ্রী ধীরেন্দ্র নাথ মণ্ডল |
| পিতা শ্রী ধীরেন্দ্র নাথ মণ্ডল | পিতা মৃত অভয় চরন মণ্ডল |
| জাতি হিন্দু, পেশা ব্যবসাদি | জাতি হিন্দু, পেশা বিষয়ভোগী, |
| সাকিন বৈষ্ণবঘাটা, ডাক কেন্দুয়া | সাকিন বৈষ্ণবঘাটা, ডাক কেন্দুয়া |
| থানা যাদবপুর, জেলা ২৪পরগণা। | থানা যাদবপুর, জেলা ২৪পরগণা। |

Presented for Registration at 2/30 P.m. on the 5th day of Jan 1972 at the office of the Joint Sub-Registrar Alipore at Alipore by Kshitish Chandra Mondal the executant.

শ্রী ক্ষিতীশ চন্দ্র মণ্ডল

-কস্য নিম্ন তপশীলে বর্ণিত ভূ সম্পত্তি সম্পর্কে পারিবারিক নিরূপণ পত্র ও অছিনামা (Deed of family Settlement and Trust) –

দলিল পত্র মিদং

Sd. B.P. Roychowdhury
Jt. Sub-Registrar of Alipore
at Alipore.

কার্য্যঞ্চাগে ঃ

एक रूपया | INDIA | एक रूपया

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE

।২।

Having visited the residence of Dherendra Nath Mondal S/o Lt Abhoy Charan Mondal of Baisnab Ghata P.S. Jadavpur Dist 24 Parganas by Caste Hindu by Profession Landholder I have this day examined the said Dherendra Nath ~~Mondal~~ Mazumder who has been identified to my satisfaction by Lalit Mohan Naskar son of Lt Hari Pada Naskar of Badmashar P.S. Jadabpur Dist 24 Parganas by Caste Hindu by Profession Landholder and the said Dhirendra Nath Mondal has admitted the execution of this document.
L.T.I No. 8

(শ্রী ধীরেন্দ্র নাথ মণ্ডল)

শ্রী ধীরেন্দ্র নাথ মণ্ডল

শ্রী ললিত মোহন নস্কর

Sd/ B.P. Roy Choudhury
Jt. Sub-Registrar of Alipore at Alipore
Dist 24 Parganas
5/1/72

এই দলিলের ।কা, ।খা, ।গা, ।ঘা ও ।ঙা তপশীল ভুক্ত সম্পত্তি দলিল দাতা ধীরেন্দ্র নাথ মণ্ডল আমার ষোল আনা নির্ব্যূঢ় স্বত্বীয় সম্পত্তি। আমি বিপত্নীক আমার কেবলমাত্র একপুত্র শ্রী ক্ষিতীশ চন্দ্র মণ্ডল ও এককন্যা শ্রীমতী কাদম্বিনী মণ্ডল আছে। আমি বার্দ্ধক্যে উপনীত হইয়াছি। আমার দেহান্তে আমার ত্যাজ্য উক্ত সম্পত্তি লইয়া বিবাদ বিসম্বাদ ও মামলা উদ্ভূত না হয় ও পারিবারিক শান্তি অক্ষুন্ন থাকে এবং আমার জীবন কালেই আমার সম্পত্তি সম্পর্কে সুষ্ঠ ব্যবস্থা করিয়া জীবনের শেষ সময়ে শান্তি লাভ করিতে পারি উক্ত সকল কারনে আমার আত্মজগনের হিতার্থে এই পারিবারিক নিরূপণ পত্র সম্পাদন করিতেছি। আমি এই দলিল মূলে তপশীল সম্পত্তি দলিল গ্রহীতা অছি শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডলের অনুকূ সকল দায় রহিতে হস্তান্তরিত করিয়া উক্ত সম্পত্তিতে তাহাকে দখল প্রদানে উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হইলাম। অদ্য হইতে শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডল অছি (Trustee) হিসাবে ।কা, ।খা, ।গা, ।ঘা ও ।ঙা তপশীলে লিখিত –

पचास पैसे पचास पैसे

सत्यमेव जयते

भारत

FIFTY PAISE



Registered in
Book No. I
Vol. No. 13
Pages 97 to 106
Being No. 61 for the year 1972
(Seal)

Sd/ B.P.R.C.
Jt. S.R. of Alipore at Alipore.
15/1/72

সম্পত্তি দখল গহনে নিম্নলিখিত দফা সমূহের অনুশাসন ও নির্দেশ সাপেক্ষে উহা যথারীতি সংরক্ষণ করিবেন এবং নির্দ্দিষ্ট বেনিফিসিয়ারীগনের প্রাপ্য সম্পত্তি এবং অথবা তাহার উপস্বত্ব তাহাদিগকে বুঝাইয়া দিবেন ।

Copied by
Sd/ Tara Das Gupta 15/1/72
Read by
Sd/ Dhirendra Nath Bose 15/1/79
Compared by
Sd/ Ila Kushari 15/1/79
C. Copied & Read by
Rekha Ghosh 4.9.79
Compared by
For 4.9.79

পারিবারিক নিরূপণ এবং ট্রাষ্টের [illegible] অনুসঙ্গ -

।ক। আমি আমার পুত্র দলিল গ্রহীতা শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডলকে তপশীল সম্পত্তির ট্রাষ্টি নিযুক্ত করিলাম । তিনি অদ্য তারিখ হইতে ট্রাষ্টী / অছি / হিসাবে উক্ত সম্পত্তির মালিক দখলিকার হইয়া উহা শাসন সংরক্ষণ করিবেন ।

।খ। নিম্নের ।ক। হইতে ।ঙ। তপশীল সম্পত্তির আয় উপস্বত্ব হইতে উহার ট্যাক্স খাজনাদি ও অন্যান্য যাবতীয় ব্যয়ভার বহন করিয়া যাহা কিছু উদ্বৃত্ত থাকিবে, আমার জীবন কাল অবধি আমি তাহা জীবনস্বত্বে বেনিফিসিয়ারী হিসাবে ট্রাষ্টির নিকট হইতে গ্রহন করিব কিম্বা ট্রাষ্টি উহা হইতে আমার ভরন পোষন চালাইবেন ।

।গ। উপরোক্ত ।খ। দফায় লিখিত আমার জীবন স্বত্ব সাপেক্ষে নিম্নের ।ক।,

।গ। ও।ঘ। তপশীল লিখিত সম্পত্তি শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডলের পুত্র সন্তানগণ অর্থাৎ ।ক। তপশীল সম্পত্তি শ্রীমান রবীন্দ্র নাথ মণ্ডল, ।খ। তপশীল সম্পত্তি শ্রীমান মনোজ কুমার মণ্ডল, ।গ। তপশীল সম্পত্তি শ্রীমান অশোক কুমার মণ্ডল, ।ঘ। তপশীল সম্পত্তি শ্রীমান কল্যানকুমার মণ্ডল নির্ব্যূঢ় স্বত্বে দান, বিক্রয়, হস্তান্তরের ক্ষমতা যুক্তে প্রাপ্ত হইবে।

।ঘ। উপরোক্ত।খ। দফায় লিখিত আমার জীবনস্বত্ব সাপেক্ষে নিম্নের।ঙ। তপশীলের সম্পত্তি আমার একমাত্র কন্যা শ্রীমতী কাদম্বিনী মণ্ডল নির্ব্যূঢ় স্বত্বে দান, বিক্রয় হস্তান্তরের ক্ষমতা যুক্তে পাইবে।

।ঙ। আমার অবর্তমানে বারোবৎসর অতিবাহিত হইলে কিম্বা শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডলের কনিষ্ঠ পুত্রের ১৮ আঠার বৎসর বয়ঃক্রম প্রাপ্তি অবধি এই ট্রাস্ট বলবৎ থাকিবে।

।চ। আমার জীবদ্দশায় ট্রাস্টি শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডল আমার সম্মতি গ্রহণে

তপশীল সম্পত্তি বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবেন এবং উক্ত বিক্রয় বা হস্তান্তর লব্ধ অর্থে নতুন সম্পত্তি খরিদ করিবেন। কিম্বা উহা কোন উপযুক্ত Security তে বিনিয়োগ করিবেন। বিক্রয় বা হস্তান্তর লব্ধ অর্থ হইতে অর্জিত নুতন স্থাবর বা অস্থাবর সম্পত্তিতে ও এই ট্রাস্ট দলিলের বিধি ও অনুসঙ্গ সম্পূর্ণ কার্য্য করী হইবে।

।ছ। আমার অবর্তমানে ট্রাস্টী আমার কন্যা শ্রীমতী কাদম্বিনী মণ্ডলের সম্পত্তি ব্যতিরেখে ।ঙ। তপশীলসম্পত্তি বা তাহার কোনও অংশ কোনও প্রকারে হস্তান্তর করিতে পারিবে না। করিলেও তাহা অগ্রাহ্য হইবে।

।জ। উপরোক্ত।ঙ। দফায় লিখিত সময় অতিক্রান্ত হইলে ট্রাস্টি ।ক।, ।খ।, ।গ। ও ।ঘ। তপশীল সম্পত্তি বেনিফিসিয়ারীগনের মধ্যে অর্থাৎ শ্রীমান ক্ষিতীশ চন্দ্র মণ্ডলের পুত্রগণকে প্রত্যেককে স্ব স্ব সম্পত্তি বুঝাইয়া দিবেন। উক্তপ্রকারে ট্রাস্ট সম্পত্তি Administered - হইলে ট্রাস্ট সমাপ্ত গণ্য হইবে।।

।ঝ। আমার অবর্তমানে যদি আমার কন্যা শ্রীমতী কাদম্বিনী মণ্ডল তাহার প্রাপ্য ।ঙ। তপশীল সম্পত্তি নিজ দখলে লইতে ইচ্ছুক হন তাহা হইলে ট্রাস্ট তৎক্ষণাৎ উহা তৎহাতে বুঝাইয়া দিয়া তাহার অনুকুলে উহার দখল ছাড়িয়া দিতে বাধ্য থাকিবেন উক্তপ্রকারে শ্রীমতী কাদম্বিনী মণ্ডল তাহার প্রাপ্ত সম্পত্তি গ্রহন করিলে ।ঙ। তপশীল সম্পত্তি ট্রাস্টের বহির্ভূত গণ্য হইবে এবং তৎসম্পর্কিত ট্রাস্ট বিলুপ্ত হইবে।

।ঞ। এই ট্রাস্ট বলবৎ থাকাকালে আমার অবর্তমানে ।ক।, ।খ।, ।গ।, ।ঘ। তপশীলের সম্পত্তির আয় উপসত্ব শ্রীমান ক্ষিতীশ চন্দ্রের পুত্রগনের মধ্যে যে যে পুত্র যে যে সম্পত্তিতে বেনিফিসিয়ারী যথাক্রমে সেই সেই পুত্র বা পুত্র গনের প্রাপ্য হইবে এবং ।ঙ। তপশীল সম্পত্তির আয় উপসত্ব শ্রীমতী কাদম্বিনী মণ্ডল প্রাপ্ত হইবে। প্রকাশ থাকে যে, ।ঙ। তপশীলসম্পত্তি ব্যতীত অন্যান্য তপশীল সম্পত্তি আমার অবর্তমানে -

বেনিফিসিয়ারী গনের হিতার্থে ট্রাস্টি বিক্রয় করিতে, লিজ দিতে বা বন্ধক আবদ্ধ করিতে পারিবেন।

।ট। ট্রাস্ট সম্পত্তি বাবত আমার জীবনকালীন হিসাব নিকাশ জন্য ট্রাস্টি ভেস্টেড্ ইনটারেস্টের মালিক উক্ত বেনিফিসিয়ারীগনের নিকটে কোন প্রকার হিসাবের জন্য দায়ীক হইবেন না।

।ঠ। এই ট্রাস্ট দলিলের বাহিরে আমার অন্য কোনও সম্পত্তি থাকিলে তৎসম্পর্কে এই ট্রাস্টের বিধি কার্য্যকরী হইবে না।

।ড। [illegible] ভগবান না করুন এই ট্রাস্ট বলবত থাকাকালীন আমার পুত্র যদি শ্রীমান ক্ষিতিশ চন্দ্র মণ্ডল দেহত্যাগ করিলে তাহার স্ত্রী শ্রীমতী উর্ম্মিলা মণ্ডল ট্রাস্টি স্বরূপ এই ট্রাস্ট সংক্রান্ত যাবতীয় কার্য্য করিবেন।

।ঢ। প্রকাশ থাকে যে, অত্র ট্রাস্টের লিখিত কতিপয় সম্পত্তি সম্পর্কে পশ্চিম বঙ্গ সরকার পক্ষে কালেকটার সাহেব রিকুইজিশান করার মর্মে নোটীশ জারি করিয়া বিগত ৩।৫।১৯৬৬ সালে এক দখল জারির ঘোষণা করিয়া রাখিয়াছেন, এবং অত্র ট্রাস্টের অপরাপর সম্পত্তি সম্পর্কে একুইজিশান করার উদ্দেশ্যে নোটীশ জারি করতঃ পশ্চিমবঙ্গ সরকার তাহাতে দখল লওয়ার সূচনা করিয়াছেন, বাস্তবিক পক্ষে গভর্ণমেন্টের তরফ হইতে ঐ সমস্ত সম্পত্তিতে আসদখলের কোন কার্য্যই এতাবৎকাল করা হয় নাই এবং ঐ সমস্ত জমির দরুন ক্ষতি পূরন দেওয়ার মর্মে এওয়ার্ড ও হয় নাই ঐ সমস্ত জমি পূর্ব্বাবস্থায় আছে। যদি প্রকৃত পক্ষে পশ্চিমবঙ্গ সরকার উপরোক্ত ও নিম্ন বর্ণিত।ক।,।খ।,।গ।,।ঘ।,।ঙ। তপশীলের সম্পত্তির আংশিক বা সম্পূর্ণ একুইজিশান ও রিকুইজিশান কৃত জমিতে দখলের কার্য্য করতঃ ঐ ঐ সম্পত্তির দরুন ক্ষতি পূরন কার্য্য করেন তবে যে যে তপশীলের সম্পত্তির দরুন যে পরিমান ক্ষতি পূরন ফাইন্যাল ভাবে ধার্য্য হইবে, তাহা ঐ ঐ তপশীলের -

লিখিত স্থাবর সম্পত্তির বিনিময়ে ঐ ঐ তপশীলের নির্দ্দিষ্ট বেনিফিসিয়ারীর হিতার্থে প্রাপ্ত সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং ট্রাষ্টি উক্ত এওয়ার্ড মানি গ্রহন করিয়া উহা সংশ্লিষ্ট বেনিফিসিয়ারীকে বুঝাইয়া দিবেন কিম্বা ট্রাষ্টি মানি হিসাবে উপযুক্ত ব্যাঙ্কে গচ্ছিত রাখিবেন।

অত্র ট্রাষ্ট দলিলের ষ্ট্যাম্প নির্দ্ধার্য ।ক। তপশীল সম্পত্তির বাবদ ৫০০০্ টাকা ।খ। তপশীল সম্পত্তির বাবত ৫০০০্ টাকা, ।গ। তপশীল সম্পত্তির বাবত ৫০০০্ টাকা, ।ঘ। তপশীল সম্পত্তির বাবত ৫০০০্ টাকা ও ।ঙ। তপশীল সম্পত্তির বাবদ ৩০০০্ টাকা, মোট ২৩০০০্ তেইশ হাজার টাকা ধার্য্য করা হইল।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় দলিলের মর্ম সম্যক বুঝিয়া আমার উত্তরাধিকারীগনের হিতার্থেএবং পরিবারের মঙ্গল কামনায় এই দলিল স্বয়ং পাঠ করিয়া সহি সম্পাদিত করিয়া দিলাম। ইতি তারিখ সন ১৩৭৮ সালের ২০ শে পৌষ ইংরাজী ১৯৭১সালের ৫ ই জানুয়ারী।

।ক। তপশীল সম্পত্তি যাহা শ্রীমান রবীন্দ্র নাথ মণ্ডল পাইবে।

---

১। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর জেঃএলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৫, খতিয়ান নং ৫৫১, দাগ নং ৮৬৭, আট শত সাতষট্টি .১৩ শতক ডোবা উক্ত জমার মোট খাজনা ।।০ আনা রায়ত মোকররী স্থিতিবান স্বত্ব, মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর।

২। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৯, খতিয়ান নং ৬০৯, দাগনং ৮৪৭ আট শত সাতচল্লিশ বাগান মোট .৪৪ শতক মধ্যে কমবেশী .৩৪ শতক মায় কমন

প্যাসেজ, উক্ত জমায় মোট খাজনা ১৵০ আনা তন্মধ্যে এই .৩৪ শতক জমির খাজনা ১.৩৪ পয়সা রায়ত মোকররী স্থিতিবান স্বত্ব মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর।

৩। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, মৌজা বৈষ্ণবঘাটা জে:এল: নং ২৮, তৌজি নং ২৫৫, খতিয়ান নং ৫৭০, দাগ নং ৯৮০ নয় শত আশী ডাঙা .১৯ শতক উক্ত জমার খাজনা ২।।০ টাকা মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর। কোর্ফা ৪৮গ ধারা

৪। জেলা ২৪পরগণা থানা টালীগঞ্জ, মৌজা বৈষ্ণবঘাটা, জে:এল: নং ২৮, তৌজি নং ২৬০, খতিয়ান নং ৬৮২, দাগ নং ১০২৪ এক হাজার চব্বিশ শালি .৩৯ শতক উক্ত খতিয়ানে মোট .৭৩ শতক জমির খাজনা ৩।৶০ আনা, তন্মধ্যে .৩৯ শতক জমির হারাহারি খাজনা ১.৮১ পয়সা, রায়ত মোকররী স্থিতিবান স্বত্ব, মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর

৫। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, মৌজা বৈষ্ণবঘাটা, জে:এল: নং ২৮, তৌজি নং ২৫৫ খতিয়ান নং ৫৬৬, দাগ নং ১০০০ এক হাজার শালি .১৭ শতক উক্ত জমার মোট খাজনা ১৲ টাকা, রায়তস্থিতিবান স্বত্ব। ঐ মালিক হইতেছেন।

।ক। তপশীল সম্পত্তির মোট পরিমান ১.২২ শতক এক একর বাইশ শতক মাত্র।

।খ। তপশীল সম্পত্তি যাহা শ্রীমান মনোজ কুমার মণ্ডল পাইবে।

---

১। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জে:এল: নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৯, খতিয়ান নং সাবেক ৫৯৬, হাল ৯৫৫নং

দাগ নং ৮৯৮ আট শত অষ্টনব্বই ডাঙ্গা কমবেশী .০৭ শতক

দাগ নং $\frac{৮৯৮}{১৩৮৬}$ আটশত অষ্টনব্বই বাটা তের শত ছিয়াশী ভিটা .০১ শতক

মোট .০৮ শতক। উক্ত খতিয়ানে মোট .১০ শতক জমির খাজনা ১।৶৩ পাই

তন্মধ্যে নিম্নাংশে .০৮ শতক জমির খাজনা ১.১৬ পয়সা। কোর্ফা ৪৮গ ধারা

মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা জেলা কালেকটার বাহাদুর।

২। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮,

মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৫ খতিয়ান নং ৫৬২, দাগ নং ১০১৪ এক

হাজার চৌদ্দ শালি ১.১৯ শতক উক্ত খতিয়ানে মোট .২.৫৩ শতক জমির খাজনা

৬৲১ পাই তন্মধ্যে ১.১৯ শতক জমির হারাহারি খাজনা ২.৮২ পয়সা রায়ত

মোকররী স্থিতিবান স্বত্ব। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার

বাহাদুর।

৩। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮,

মৌজা বৈষ্ণবঘাটা তৌজি নং ২৪১, খতিয়ান নং ৬৭৬, দাগ নং ৬৫৯ ছয় শত

উনষাট বাগান ৩৪ শতক মধ্যে কমবেশী .১৫ শতক মায় কমন প্যাসেজ। উক্ত

খতিয়ানে ১.১৬ শতক জমির খাজনা ৭।০ আনা। তন্মধ্যে .১৫ শতক জমির

হারাহারি খাজনা .৯০ পয়সা হইতেছে। রায়তমোকররী স্থিতিবান স্বত্ব মালিক

পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর।

।খ। তপশীল সম্পত্তির মোট পরিমান ১.৪২ শতক এক একর বিয়াল্লিশ শতক মাত্র

।গ। তপশীল সম্পত্তি যাহা শ্রীমান অশোক কুমার মণ্ডল পাইবে।

১। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮,

মৌজা বৈষ্ণবঘাটা তৌজি নং ২৬০, খতিয়ান নং ৬১১ দাগ নং ৯৭৮ নয় শত

আটাত্তর বাগান .১৫ শতক, দাগ নং ৯৭৯ নয় শত উনআশী ডোবা .০৯ শতক

মধ্যে .০৪ ১/২ শতক মোট .১৯ ১/২ শতক উক্ত খতিয়ানে মোট ১.০১ শতক জমির খাজনা ৩৸৶৬ পাই। তন্মধ্যে ১৯ ১/২ শতক জমির হারাহারি খাজনা .৭৫ পয়সা হইতেছে। রায়ত মোকরুরী স্থিতিবান স্বত্ব। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেক্টার বাহাদুর।

২। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জে:এল: নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৫ খতিয়ান নং ৮২৩ দাগ নং ৯৭২ নয় শত বাহাত্তর ডাঙ্গা .২৯ শতক, দাগ নং ৯৭৭/১৪২০ নয় শত সাতাত্তর বাটা চৌদ্দ শত কুড়ি বাগান .০৮ শতক মোট .৩৭ শতক। উক্ত খতিয়ানে .৩৭ শতক জমির খাজনা খাজনা ৪৷৷৵৮ পাই। রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টার বাহাদুর।

৩। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর জে: এল: নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৫, খতিয়ান নং ৫৬২, দাগ নং ৯৭০ নয় শত সত্তর ডাঙ্গা .২৫ শতক, দাগ নং ৯৭১ নয় শত একাত্তর শালি .২০ শতক, দাগ নং ৯৭১/১৪১৯ নয় শত একাত্তর বাটা চৌদ্দ শত উনিশ ডোবা .০৬ শতক মোট ৫১ শতক উক্ত খতিয়ানে ২.৫৩ শতক জমির খাজনা ৬.১ পাই তন্মধ্যে .৫১ শতক জমির হারাহারি খাজনা ১.২০ পয়সা হইতেছে। রায়তমোকরুরী স্থিতিবান স্বত্ব। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেক্টার বাহাদুর।

৪। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জে:এল: নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৪১ খতিয়ান নং ৪৬১ দাগ নং ১০২৯ এক হাজার উনত্রিশ শালি বর্তমানে ডাঙ্গা ১৬ শতক মধ্যে কমবেশী .০৫ শতক মায় কমন প্যাসেজ। উক্ত খতিয়ানে .১৬ শতক জমির মোট খাজনা ১।৶৫ পাই তন্মধ্যে .০৫ শতক জমির হারাহারি খাজনা .৪৫ পয়সা হইতেছে। মালিক পশ্চিম বঙ্গ

সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার ।

।গ। তপশীল সম্পত্তি জমির মোট পরিমান ১.১২ ১/২ শতক এক একর সাড়ে বার শতক মাত্র ।

।ঘ। তপশীল সম্পত্তি যাহা শ্রীমান কল্যান কুমার মন্ডল পাইবে ।

১। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা তৌজি নং ১৫১, খতিয়ান নং ১৫৮ দাগ নং ১০৩০ এক হাজার ত্রিশ, শালি .২০ শতক দাগ নং ১০৩১ এক হাজার একত্রিশ ডাঙ্গা .৫২ শতক মধ্যে .৫০ শতক মধ্যে আমার খরিদা কমন প্যাসেজ । মোট .৭০ শতক । উক্ত খতিয়ানে আমার খরিদা কমন প্যাসেজ সহ মোট .৭২ শতক জমির খাজনা ২।৵৫ পাই মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর ।

রায়তমোকররী স্থিতিবান স্বত্ব

২। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, জেঃএলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা, তৌজি নং ২৫৫, খতিয়ান নং ৫৬২, দাগ নং ৯৮৭ নয় শত সাতাশী শালি .৫৭ শতক উক্ত খতিয়ানে ২.৫৩ শতক জমির খাজনা ৬ ৲১ পাই তন্মধ্যে .৫৭ শতক জমির হারাহারি খাজনা ১.২৫ পয়সা । মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর ।

।ঘ। তপশীল সম্পত্তির মোট ১.২৭ শতক এক একর সাতাশ শতক মাত্র ।

।ঙ। তপশীল সম্পত্তি যাহা শ্রীমতী কাদম্বিনী মন্ডল পাইবে। ~~।ঙ। তপশীল সম্পত্তি যাহা শ্রীমতীকাদম্বিনী মন্ডল পাইবে~~ ।

Corrected and written by Asoke Ghosh 19-8-86.

(*) Ommission supplied by DR's order no * dt 14.4.85 sd/- illegible 4.5.85

১। জেলা ২৪পরগণা থানা টালীগঞ্জ, থানা যাদবপুর, মৌজা বৈষ্ণব ঘাটা জেঃএলঃ নং ২৮, তৌজি ৫৬, ১৫১, ২৩০, ২৪১ খতিয়ান নং ৪৭২ দাগ নং ৯৮৬ নয় শত ছিয়াশী শালি বর্তমানে ডাঙ্গা .১২ শতক উক্ত খতিয়ানের

মোট খাজনা ১।০ আনা। কোর্ফা ৪৮গ ধারা। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর।

২। জেলা ২৪পরগণা, থানা টালীগঞ্জ, হাল যাদবপুর, মৌজা বৈষ্ণবঘাটা জে.এল. নং ২৮, তৌজি নং ২৬০, খতিয়ান নং ৬৮২ দাগ নং ১০১৯ এক হাজার উনিশ শালি .২২ শতক, দাগ নং ১০২৩ এক হাজার তেইশ ডাঙ্গা .১১ শতক মোট .৩৩ শতক উক্ত খতিয়ানে মোট .৭৩ শতক জমির খাজনা ৩।৶০ তন্মধ্যে .৩৩ শতক জমির হারাহারি খাজনা ১.৫৮ পয়সা। রায়তমোকররী স্থিতিবান। মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪পরগণা কালেকটার বাহাদুর।

।ঙ। তপশীল সম্পত্তির মোট পরিমান .৪৫ শতক পঁয়তালিশ শতক মাত্র।

শ্রী ধিরেন্দ্র নাথ মণ্ডল

টাইপকারক
শ্রী অনাদি নাথ কয়াল
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা-২৭

ইসাদী :-
Sd. Satish ch. Baidhya.
vill - Garia

শ্রী ললিত মোহন লস্কর
সাং - বাবুরবাগান
শ্রী সুরেন্দ্র নাথ মুখার্জী
সাং - বিবাদী
শ্রী [illegible] চন্দ্র মণ্ডল
সাং - কোন্নগর

NO. 5076 Sold to Mr. Dhirendra Nath Mondal Baisnab ghata P.S. Jadabpur 24 Parganas for Rs. 150'00 date 20/1/72
Sd Illegible Stamp clerk 24 Parganas Treasury Alipore.
5076 - 150/- 5077 150/- 5078 - 10/- 5079 - 2/- / 312/-
NO. 5077 Sold to Dhirendra Nath Mondal Baisnab-ghata Jadabpur 24 Parganas for Rs. 150/- date 20/1/72

Sd/- Illegible Stamp Clerk 24 Parganas Treasury Alipore.
No. 5078 Sold to Dhirendra Nath Mondal Baishnab-
Ghata P.S. Jadabpur 24 Parganas for Rs. 10/- date
20/1/72 Sd illegible Stamp Clerk 24 Parganas Treasury
Alipore No. 5079 Sold to Dhirendra Nath Mondal
Baishnab Ghata P.S. Jadabpur 24 Parganas for Rs.
2/- date 20/1/72 Sd illegible Stamp Clerk 24 Par-
ganas Treasury Alipore. ——— True Copy.

Sd Birendra Prosad Roy Chowdhury
Joint Sub-Registrar
of Alipore at Alipore
Dist 24 Parganas
15.1.72

Copied by
Sd Jana Dasgupta
15/1/72
Read by
Sd Dhirendra Nath Basu
15/1/72
Compared by
Sd Ila Kumari
15/1/72
C. Copied & Read by
Asoke Kumar Ghosh
4.9.79
C. Compared by
[signature]
4.9.79

Certified to be true copy
[signature]
[illegible] 4/9/79

Alipore, 24 Parganas
(Record)